

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১৯৪

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - নবী (সা.) -এর পবিত্র স্ত্রীগণের মর্যাদা

اَلْفصلُ التَّالِثُ (بَابُ مَنَاقِبِ أَزْوَاجِ)

আরবী

عَن أبي مُوسَى قَالَ: مَا أُشْكِلَ عَلَيْنَا أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَدِيثٌ قَطُّ فَسَأَلْنَا عَائِشَةَ إِلَّا وَجَدْنَا عِنْدَهَا مِنْهُ عِلْمًا. رَوَاهُ التِّرْمِذِيُّ. وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيب

اسناده حسن ، رواه الترمذى (3883) ـ (صَحِيح)

বাংলা

৬১৯৪-[১১] আবূ মূসা আল আ'আরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ (সা.) -এর সাহাবীগণ যখনই কোন মাসআলায় সন্দেহ বা সমস্যায় পড়তাম, "আয়িশাহ্ (রাঃ)-কে প্রশ্ন করলে তার কাছে তার সঠিক উত্তর বা সমাধান পেয়ে যেতাম।

[ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, হাদীসটি হাসান ও গরীব]

ফুটনোট

সহীহ তিরমিয়ী ৩৮৮৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِلَّا وَجَدْنَا عِنْدَهَا مِنْهُ عِلْمًا) অর্থাৎ অবশ্যই আমরা তার কাছে সেই বিষয়ে কোন না কোন জ্ঞান পেতাম। মিরক্কাতুল মাফাতীহ প্রণেতা বলেন, হয়তো সে বিষয় তাঁর কাছে সরাসরি কোন হাদীস পাওয়া যেত অথবা এমন



কোন হাদীস পাওয়া যেত যার ব্যাখ্যা করে উক্ত মাসআলার সমাধান দেয়া যেত।
তবে 'আয়িশাহ্ (রাঃ)-এর ব্যাপারে আরেকটি হাদীস বর্ণিত হয়েছে তা হলো যে, তোমরা হুমায়রাহ্ থেকে
তোমাদের দীনের অর্ধেক গ্রহণ করো। [হুমায়রাহ্ বলতে এখানে আয়িশাহ্ (রাঃ)-কে বুঝানো হয়েছে]
এ হাদীসটির ব্যাপারে ইবনু হাজার আল আসক্বালানী (রহিমাহুল্লাহ) বলেন, এর সনদ সম্পর্কে আমি অবগত হতে
পারিনি এবং এটি হাদীসের কোন কিতাবে নেই। তবে ইবনুল আসির নিহায়াহ্ গ্রন্থে এটি বর্ণনা করেছেন। কিন্তু
তিনি এটি বলেননি যে, কে এই হাদীসের রাবী। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন